

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫৭৯

২৬/ পোশাক-পরিচ্ছদ (کتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৬/১২. পায়জামা পরিধান

بَابِ لُبْسِ السَّرَاوِيلِ

### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَعَلِيُّ بْنُ مُحَمَّدٍ، قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى، وَعَبْدُ الرَّحْمَنِ، قَالُوا حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ، عَنْ سُويَدِ بْنِ قَيْسٍ، قَالَ أَتَانَا النَّبِيُّ - صلى الله عليه وسلم - فَسَاوَمَنَا سَرَاوِيلَ .

#### বাংলা

১/৩৫৭৯। সুয়াইদ ইবনে কায়েস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের এখানে এসে দরদাম করে পায়জামা খরিদ করলেন।

## **English**

It was narrated that Suwaid bin Qais said:

"The Prophet (ﷺ) came to us and haggled with us over the price of trousers."

### ফুটনোট

তিরমিয়ী ১৩০৫, নাসায়ী ৪৫৯২, আবৃ দাউদ ৪৫৯২, আবৃ দাউদ ৩৩৩৬, আহমাদ ১৮৬১৯, দারেমী ২৫৮৫। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী সিমাক বিন হারব সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সিকাহ। ইয়াকুব বিন শায়বাহ বলেন, তার পূর্বে বর্ণিত হাদিস যারা শ্রবন করেছেন তা সহীহ। ইবনু হিব্বান বলেন, তিনি সিকাহ তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আবদুল্লাহ ইবনুল মুবারাক বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৫৭৯, ১২/১১৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন